## Telephonic conversation between Prime Minister and His Excellency MahindaRajapaksa, Prime Minister of Sri Lanka

May 27, 2020

প্রধানমন্ত্রী এবং শ্রীলংকার প্রধানমন্ত্রী মহামান্য মহিন্দা রাজাপক্ষর মধ্যে টেলিফোনে বাক্যালাপ

মে 27,2020

শ্রীলংকার প্রধানমন্ত্রী মহামান্য মহিন্দা রাজাপক্ষর শ্রীলংকার সংসদে প্রথম যোগদানের পর থেকে 50 বৎসর অতিক্রম করার জন্য অভিনন্দন জানানোর জন্য প্রধানমন্ত্রী আজ তাঁর সাথে ফোনালাপ করেছেন।

মহামান্য রাজাপক্ষর দীর্ঘ্ রাজনৈতিক জীবনে শ্রীলংকার উন্নতিতে তাঁর অবদানের কথা প্রধানমন্ত্রী স্মরণ করেছেন এবং তাঁর উজ্জ্বল ভবিষ্যতের জন্য শুভকামনা জানিয়েছেন।

গতকাল শ্রীলংকায় ভারতের তামিল বংশভূত প্রসিদ্ধ নেতা শ্রী অরুমুগম তোন্ডামনের অসময়ের পরলোক গমনের জন্যও প্রধানমন্ত্রী তার শোক জ্ঞাপন করেছেন। ভারত এবং শ্রীলংকার মধ্যে অংশীদারিত্বের উন্নতিকে এগিয়ে নিয়ে যাবার ক্ষেত্রে শ্রী তোন্ডামনের ভূমিকার কথা প্রধানমন্ত্রী স্মরণ করেছেন।

দুই নেতা সর্বব্যাপী COVID-19 অতিমারীর শ্বাস্থ্য এবং অর্থনীতির উপরে প্রভাব এবং তার মোকাবিলায় দুই দেশের গৃহীত পদক্ষেপ নিয়ে আলোচনা করেছেন। এই প্রতিবন্ধক সময়ে সকল রকমের সম্ভাব্য সহযোগিতা বিস্তারে শ্রীলংকার পাশে ভারতের দাড়ানোর জন্য প্রধানমন্ত্রী মহামান্য রাজাপক্ষকে আশ্বাস দিয়েছেন।

নিউ দিল্লি মে 27,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.